গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি মজিবর রহমান ভান্ডারী মহিলা কলেজ, বগুড়া

স্মারক নং- সমভমক/বগ/২০২৫/১৪৪১ তারিখঃ ২৬/১১/২০২৫ খ্রি.

**বিষয়: ভূমিকম্পে করনীয় বিষয়ক দিক নির্দেশনা।**

সূত্র: ৩৭.০০.০০০০.০০০.০৬৫.১৬.০০৫৯.১৬.২৭৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ কলেজের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে সংঘটিত ভূমিকম্পের প্রেক্ষাপটে নিম্নোক্ত সতর্কতামূলক নির্দেশনা অনুসরণের জন্য নির্দেশ দেয়া হলো।

ভূমিকম্প বিষয়ে দিক নির্দেশনাসমূহ:

- ভূমিকম্পের সময় শান্ত থাকা এবং প্যানিক/আতঙ্কগ্রস্ত না হওয়া;
- ভবনের অভ্যন্তরে থাকলে টেবিল বা ডেস্কের নিচে আশ্রয় নেয়া। ভবনের বাইরে থাকলে খোলা জায়গায় চলে যাওয়া যেখানো কোনো ভবন বা গাছপালা নেই;
- ভূমিকম্পের সময় লিফ্‌ট ব্যবহার থেকে সম্পূর্ণ বিরত থাকা;
- ভূমিকম্পের পরে বাইরে যাওয়ার সময় সতর্ক থাকা, কারণ ভবন বা দেয়াল ধসে পড়তে পারে;
- ভূমিকম্পের পরে প্রয়োজনীয় জিনিসপত্র যেমন পানি, খাদ্য, ফাস্ট এইড কিট ইত্যাদি সংগ্রহ করা;
- কলাম দেয়া পাকা ঘরে কলামের সঙ্গে গোড়ায় আশ্রয় নেয়া;
- উপর তলায় থাকলে কম্পন বা ঝাঁকুনি পর্যন্ত অপেক্ষা করুন' লাফ দিয়ে নামার চেষ্টা না করা;
- কম্পন বা ঝাকুনি থামলে সিড়ি দিয়ে দ্রুত বেরিয়ে পড়া;
- দ্রুত বৈদ্যুতিক ও গ্যাস সুইচ বন্ধ করা ও আগুন নেভানো।

২৬/১১/২৫

প্রফেসর ড. মো. বেল্লাল হোসেন (০১৭৪৭৯)
অধ্যক্ষ
সরকারি মজিবর রহমান ভান্ডারী মহিলা কলেজ, বগুড়া
ফোন নং-০২৫৮৮৮১৩৪৩১

প্রফেসর ড. মো. বেল্লাল হোসেন (০১৭৪৭৯)
অধ্যক্ষ
সরকারি মজিবর রহমান ভান্ডারী মহিলা কলেজ, বগুড়া।

**বিতরণ:**

১। উপাধ্যক্ষ, এ কলেজ
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, এ কলেজ
৩। বিভাগীয় প্রধান, ------------------, এ কলেজ
৪। প্রধান সহকারী/হিসাবরক্ষক/ক্যাশিয়ার, এ কলেজ
৫। সংরক্ষণ নথি।

E:\College\Office\Notice.docx